# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**07 APRIL 2026** **7:45—7:55**

---

(১) ১২৬ সদস্য বিশিষ্ট আসাম বিধানসভা নির্বাচনের জন্যে আগামী বৃহস্পতিবার অনুষ্ঠেয় ভোটগ্রহণের প্রচার অভিযানের আজ সমাপ্তি/

(২) নির্বাচন অবাধ, সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে সম্পন্ন করার জন্য জেলা প্রশাসনসমূহের প্রস্তুতি প্রায় সম্পূর্ণ/

(৩) বিধানসভা নির্বাচনের ভোটগ্রহণ প্রক্রিয়া নিরীক্ষণ করার জন্য আগামীকাল সাতটি দেশের ১৫জনের একটি প্রতিনিধি দলের আসামে আগমন/

(৪) মণিপুরে সাম্প্রতিক পরিস্থিতির জন্যে মোবাইল ডাটা এবং ইন্টারনেট পরিষেবা সাময়িকভাবে বন্ধ/

এবং

(৫) আজ দুপুর দুটো নাগাদ বরাক উপত্যকায় ভুকম্পন অনুভূত/ কাছাড় জেলার কয়েকটি স্থান থেকে ক্ষয়ক্ষতির খবর/

---

বিধানসভা নির্বাচনের প্রচার অভিযান আজ বিকেল ৫ টায় সমাপ্ত হওয়ার সঙ্গে সঙ্গে রাজ্যে সাইলেন্স পিরিওড আরম্ভ হয়েছে ।১৯৫১ সালের জনপ্রতিনিধিত্ব আইনের ১২৬ নম্বর ধারা অনুযায়ি নির্বাচনী প্রচারের সময়সীমা সমাপ্ত হওয়ার পর এবং ভোটগ্রহণ শুরু হওয়ার ৪৮ ঘন্টা পূর্বে এই সায়লেন্স পিরিওডে বেশ কিছু নিষেধাজ্ঞা জারি করা হয়েছে ।এই নিষেধাজ্ঞা অনুযায়ি এই সময়সীমার মধ্যে প্রকাশ্য সভা , শোভাযাত্রা , বৈদ্যুতিন মাধ্যম বা সামাজিক মাধ্যমে প্রচার সহ সব ধরণের নির্বাচনী প্রচার সম্পূর্ণভাবে

নিষিদ্ধ থাকবে ।নির্বাচন কমিশন এস এম এস , ফোনকল , সামাজিক মাধ্যমে ভোট চাওয়া ,বৈদ্যুতিন মাধ্যমে মতামত , সমীক্ষা এবং জরীপের ফলাফল সহ নির্বাচন সম্পর্কীত বিষয়বস্তু প্রদর্শন করার ওপর নিষেধাজ্ঞা জারি করেছে । রাজ্যের মুখ্য নির্বাচন আধিকারীক অনুরাগ গোয়েল সব প্রার্থী , রাজনৈতিক দল এবং সংবাদ মাধ্যমকে এই নীতি নির্দেশনা কঠোরভাবে মেনে চলার আহ্বান জানিয়েছে । নির্বাচন কমিশন জনসাধারণকে আগামী ৯ এপ্রিল নির্ভয়ে ভোটদান করে গণতান্ত্রিক অধিকার সাব্যস্ত করার আহ্বান জানিয়েছে । নির্বাচন কমিশন সব রাজনৈতিক দল এবং প্রার্থীদেরকে প্রেরণ করা পত্রে এই নির্দেশ মেনে চলার আহ্বান জানিয়েছে ।বরাক উপত্যকার তিন জেলা কাছাড় , শ্রীভূমি এবং হাইলাকান্দি জেলার নির্বাচন আধিকারীক আজ বিকেল ৫ টায় প্রচারের সময়সীমা সমাপ্ত হওয়ার পরিপ্রেক্ষিতে জরুরী নির্দেশনা জারি করেছে । এই অনযায়ি ভোটগ্রহণের পূর্বে ৪৮ ঘন্টায় কোনধরণের জনসভা , পদযাত্রা বা নির্বাচনী প্রচার চালানো যাবেনা । ভোটদাতাদের প্রভাবিত করতে সামাজিক মাধ্যমের ব্যবহারও নিষিদ্ধ করা হয়েছে ।

---

রাজ্যের ১২৬টি বিধানসভা আসনে আগামী বৃহস্পতিবার একটি পর্যায়ে ভোটগ্রহণ করা হবে । এবারের নির্বাচনে রাজ্যে দুইকোটি ৫০ লক্ষেরও বেশি ভোটদাতা তাদের গণতান্ত্রিক অধিকার প্রয়োগ করবেন । এরমধ্যে এক কোটি ২৫ লক্ষ পুরুষ, ১ কোটি ২৫ লক্ষ মহিলা এবং ৩৪৩ জন তৃতীয় লিঙ্গের ভোটদাতা রয়েছেন । রাজ্যের ৩১ হাজার ৩৮৬টি ভোটকেন্দ্রে ভোটগ্রহণ সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য একশো শতাংশ ওয়েবকাস্টিংয়ের ব্যবস্থা করা হয়েছে । এই সময়ে শান্তি শৃঙ্খলা অটুট রাখার জন্য কেন্দ্রীয় সশস্ত্র বাহিনীর কয়েকশো কোম্পানি জওয়ান মোতায়েন করা হয়েছে । রাজ্যের মধ্যে দরং জেলার দলগাঁও বিধানসভা কেন্দ্রে সর্বাধিক এবং পশ্চিম কার্বি -আংলং আসনের আমরি কেন্দ্রে সর্বনিম্ন ভোটদাতা রয়েছেন বলে নির্বাচন কমিশন সূত্রে প্রকাশ করা হয়েছে । এদিকে রাজ্যের মুখ্যনির্বাচন কমিশনার অনুরাগ গোয়েল প্রত্যেক ভোটদাতাকে নির্বাচন কমিশনের নির্ধারণ করে দেওয়া নথিপত্র সহ ভোটকেন্দ্রে গিয়ে নিজেদের ভোটাধিকার প্রয়োগ করার আহ্বান জানিয়েছেন । তিনি বলেন যে- প্রতিটি ভোটকেন্দ্রে পানীয়জল, প্রস্রাবাগার এবং বিশেষভাবে সক্ষম লোকেদের জন্য র‍্যাম্প’এর ব্যবস্থা সহ সবধরণের সুযোগ সুবিধা থাকার বিষয়টি নিশ্চিত করা হয়েছে । নির্বাচন কমিশন সম্প্রতি নির্বাচনী প্রক্রিয়া স্বচ্ছ করে তোলার জন্য ৩০টি নতুন পদক্ষেপ গ্রহণ করেছে । সেই অনুসারে প্রতিটি ভোটগ্রহণ কেন্দ্রে সর্বাধিক এক হাজার দুশোজন ভোটদাতা ভোটদান করতে পারবেন বলে নির্বাচন কমিশন জানিয়েছে ।

-----------------------------------------------------------------------------------------

রাজ্যের বিধানসভা নির্বাচনের ভোটগ্রহণ প্রক্রিয়া নিরীক্ষণ করার উদ্দেশ্যে আগামীকাল বিদেশী প্রতিনিধিদের একটি দল আসামে আসবে । এঙ্গোলা, ইজিপ্ট, পর্তুগাল, মেক্সিকো, শ্রীলংকা, বেনিন এবং ক্রোয়েশিয়া সহ সাতটি দেশের ১৫জন প্রতিনিধি এবং নির্বাচন কমিশনের তিনজন আধিকারিককে নিয়ে গঠিত দলটি রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের সঙ্গে বৈঠকে মিলিত হবে । তারা একইসঙ্গে ক্ষেত্র পর্যায়ে নির্বাচনের প্রস্তুতি পর্যবেক্ষণ করার উদ্দেশ্যে নির্বাচনী সামগ্রী কেন্দ্র এবং নিয়ন্ত্রণ কক্ষসমূহ পরিদর্শন করবেন । দলটি আগামী বৃহস্পতিবার ভোটগ্রহণের দিন রাজ্যের বিভিন্ন জেলার ভোটগ্রহণ কেন্দ্র পরিদর্শন করে ভোটদান প্রক্রিয়া, নিরাপত্তা ব্যবস্থা এবং প্রযুক্তি ব্যবহারের বিষয়গুলি সম্পর্কে অবহিত হবে ।

-----------------------------------------------------------------------------------------

আগামী বৃহস্পতিবার রাজ্যের বিধানসভা নির্বাচন সুষ্ঠুভাবে সম্পন্ন করার উদ্দেশ্যে কাছাড়ের জেলা নির্বাচনী আধিকারিক তথা জেলা আয়ুক্ত আয়ুষ গর্গ এক নির্দেশনা জারি করেছেন । এই নির্দেশনা অনুযায়ী ভোটকেন্দ্রের একশো মিটার ব্যাসার্ধের মধ্যে কোনো প্রার্থীর কার্যালয় রাখা যাবেনা । কোনো প্রার্থী যদি ভোটকেন্দ্র থেকে একশো মিটারের বাইরে তার কার্যালয় স্থাপন করতে চান, তবে তাকে আগে লিখিতভাবে রিটার্নিং অফিসারকে সেই ভোটকেন্দ্রের নাম, ক্রমিক নম্বর ইত্যাদি জানাতে হবে । এছাড়া সংশ্লিষ্ট সরকারি কর্তৃপক্ষের কাছ থেকে আইন অনুযায়ী লিখিত অনুমতি নিতে হবে । এবং এই অনুমতিপত্র কার্যালয় বা বুথটি পরিচালনা করা ব্যক্তিদের কাছে সংরক্ষিত থাকতে হবে । পুলিশ এবং নির্বাচনী কর্তৃপক্ষ চাইলে তা দেখাতে হবে । এছাড়া এই বুথে কোনো ব্যানার, পোস্টার, পতাকা, প্রতীকচিহ্ন বা অন্য কোনো সামগ্রী প্রদর্শন করা যাবে না । সেখানে খাদ্যদ্রব্য বিতরণ, ভিড় জমায়েতের অনুমতিও দেওয়া হবে না । ভোট দেওয়ার পর বুথগুলিতে ফেরত আসার অনুমতি নেই । বুথ পরিচালনাকারীরা ভোটারদের স্বাধীনভাবে ভোটাধিকার প্রয়োগে কোনো প্রতিবন্ধকতা সৃষ্টি করতে পারবেননা । এই নির্দেশাবলী অমান্য করলে আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে বলে প্রশাসন সূত্রে জানানো হয়েছে ।

-----------------------------------------------------------------------------------------

কাছাড় জেলার সাতটি বিধানসভা কেন্দ্রের মধ্যে প্রত্যন্ত ও দূরবর্তী ভোটগ্রহণ কেন্দ্রগুলিতে আজই ভোটকর্মীরা ভোটসামগ্রী নিয়ে রওয়ানা হয়ে গেছেন । এই অনুযায়ী লক্ষীপুর ও ধলাই বিধানসভা কেন্দ্রের কয়েকটি ভোটগ্রহণ কেন্দ্রের উদ্দেশ্যে ভোট কর্মীরা আজ যাত্রা করেছেন । সরকারী তথ্য অনুযায়ী লক্ষীপুর বিধানসভার ৬টি এবং

ধলাই বিধানসভার চারটি ভোট কেন্দ্রের কর্মীরা আজ নিজেদের গন্তব্যের উদ্দেশ্যে যাত্রা করেছেন । আগামীকাল জেলার অন্যান্য বিধানসভা কেন্দ্র সহ লক্ষীপুর ও ধলাই বিধানসভা কেন্দ্রের বাকী অংশের ভোট কর্মীরা নিজ নিজ ভোট কেন্দ্রের উদ্দেশ্যে যাত্রা করবেন ।

এদিকে ডিমা হাসাও জেলার ২৩টি প্রত্যন্ত ভোট গ্রহণ কেন্দ্রের ভোট কর্মীরা আজ ভোট সামগ্রী নিয়ে যাত্রা করেছেন ।

---

শ্রীভূমি জেলায় বিধানসভা নির্বাচনের জন্য জেলা আয়ুক্তের কার্যালয়ের ৯ নম্বর কক্ষে বর্তমানে কার্যকর জেলা নিয়ন্ত্রন কক্ষটি আগামী ১০ই এপ্রিল থেকে করিমগঞ্জ কলেজ প্রাঙ্গনে স্থানান্তরিত করা হবে । জেলার ভোট গননা কেন্দ্র এবং ই ভি এম রাখা স্ট্রং রুমের নিকটবর্তী হওয়ার কারনে এই কক্ষটি করিমগঞ্জ কলেজে স্থানান্তরিত করা হয়েছে । নিয়ন্ত্রন কক্ষের বর্তমান টেলিফোন নম্বরটি হচ্ছে ০৩৮৪৩-২৬২১৭১ । ১০ই এপ্রিল সকাল থেকে গণনা প্রক্রিয়া শেষ না হওয়া পর্যন্ত এই কক্ষটি দিন-রাত ২৪ ঘন্টা সচল থাকবে ।

---

বিধানসভা নির্বাচনের পরিপ্রেক্ষিতে হাইলাকান্দি জেলায় নিরাপত্তা ব্যবস্থা আরো কঠোর করা হয়েছে । জেলা প্রশাসনের পক্ষ থেকে শান্তিপূর্ণ এবং নিরপেক্ষ ভোটগ্রহণ নিশ্চিত করতে ইতিমধ্যে জেলায় ২১টি কেন্দ্রীয় সশস্ত্র বাহিনীর কোম্পানী মোতায়েন করা হয়েছে । জেলার দুটি বিধানসভা আসনে মোট চার লক্ষ ৯৯ হাজার ভোটদাতা রয়েছেন । ভোট গ্রহনের জন্য ৬২৩টি ভোটকেন্দ্র স্থাপন করা হয়েছে । জেলায় ভোটদাতাদের সচেতন করতে এবং ভোটদানে উৎসাহিত করতে আজ জেলা প্রশাসনের উদ্যোগে এক বিশাল র‍্যালি শহর পরিক্রমা করে । জেলা আয়ুক্ত অভিষেক জৈন , পুলিশ সুপার অমিতাভ সিংহ সহ সি আর পি এফ , বি এস এফ এবং সি আই এস এফ-এর জওয়ানরা এই র‍্যালিতে অংশগ্রহণ করেন ।

---

মণিপুরের বিষ্ণুপুর জেলার ট্রংলাওবি গ্রামে অজ্ঞাতপরিচয় দুষ্কৃতকারীদের বোমা হামলায় দুটি শিশুর মর্মান্তিক মৃত্যুর ঘটনার পরিপ্রেক্ষিতে রাজ্যটিতে প্রতিবাদমুখর পরিস্থিতির সৃষ্টি হয়েছে । গতকাল রাতে সংঘঠিত এই ঘটনায় নিহত শিশুদুটির মা ও গুরুতর আহত হয়ে ইম্ফালের হাসপাতালে চিকিৎসাধীন ।পুলিশ ঘটনাস্থল থেকে একটি বোমা উদ্ধার করে নিষ্ক্রীয় করেছে । এই ঘটনার পর রাজ্যটির ৫ টি জেলা পশ্চিম ইম্ফাল ,

পূর্ব ইম্ফাল , কাকচিং , থৌবাল এবং বিষ্ণুপুরে বহু লোক প্রতিবাদী কার্যসূচী পালন করেন ।নিরাপত্তা বাহিনী পরিস্থিতি নিয়ন্ত্রনে আনতে কাঁদানে গ্যাস প্রয়োগ করা সহ শূণ্যে গুলি চালালে কয়েকজন প্রতিবাদকারী আহত হয় ।এরপর একাংশ প্রতিবাদকারী জাতীয় সড়ক ও রাজ্য সড়কগুলো অবরোধ করে। এদিকে রাজ্যের গৃহ বিভাগ মণিপুরে মোবাইল ডাটা এবং ইন্টারনেট পরিষেবা তিনদিনের জন্য বন্ধ ঘোষণা করেছে । স্পাইসজেট এয়ারলাইন্স আজ থেকে ১৪ এপ্রিল পর্যন্ত মণিপুরে চলাচল করা বিমান সমুহের যাত্রা বাতিল করেছে । এর ফলে কলকাতা - ইম্ফাল - গুয়াহাটীর মধ্যে চলাচলকারী বিমানের পরিষেবাও বাতিল করা হয়েছে । উল্লেখ্য গত ১০ ফেব্রুয়ারী ইম্ফাল - গুয়াহাটী- এবং কলকাতার মধ্যে বিমান চলাচল শুরু হয়েছিল ।

------------------------------------------------------------------------------------

আজ দুপুর প্রায় দুটো ১৮ মিনিট নাগাদ কাছাড় জেলা সহ বরাক উপত্যকার তিন জেলায় ভূকম্পন অনুভুত হয়েছে ।এই ভূমিকম্পের তীব্রতা ছিল ৪ দশমিক ৮।এবং ভূমিকম্পের উৎস্যস্থল হাইলাকান্দিতে ছিল বলে জানা গেছে । এদিকে এই ভূমিকম্পের ফলে কাছাড় জেলার বিভিন্ন স্থান থেকে ক্ষয়ক্ষতির খবর পাওয়া যাচ্ছে ।আসাম বিশ্ববিদ্যালয়ের ৪ নম্বর গালর্স হোষ্টেলের দেওয়ালে ফাটল ধরেছে বলে আমাদের সংবাদদাতা জানিয়েছেন । ধলাই বিধানসভা কেন্দ্রের ধোয়ারবন্দ থানা এলাকার যোগীরবন্দ গ্রামের রাজীব উদ্দিন মজুমদারের বাসগৃহ ভূমিকম্পের ফলে ভেঙ্গে পড়েছে । ঘরের আসবাবপত্র সহ অন্যান্য সামগ্রীও ক্ষতিগ্রস্থ হয়েছে বলে জানা গেছে । তবে কোন স্থান থেকে কোন হতাহতের খবর পাওয়া যায়নি ।

------------------------------------------------------------------------------------

আসামে ঘরোয়া রান্নার গ্যাসের সিলিন্ডারের অভাব নেই এবং গ্রাহকদের চাহিদা পূরণ করতে সিলিন্ডারের যোগান অব্যাহত রয়েছে বলে ইন্ডিয়ান ওয়েল সূত্রে জানানো হয়েছে । এছাড়া প্রধানমন্ত্রী উজ্জ্বলা প্রকল্পের সিলিন্ডার পেতে হলে ই-কে ওয়াই সি বাধ্যতামূলক বলেও জানানো হয়েছে ।

------------------------------------------------------------------------------------

আই পি এল ক্রিকেট প্রতিযোগিতায় আজ গুয়াহাটির বর্ষাপাড়া ক্রিকেট স্টেডিয়ামে মুম্বাই ইন্ডিয়ান্স এবং রাজস্থান রয়েল্স পরস্পরের মুখোমুখি হচ্ছে । এইমাত্র পাওয়া খবর অনুযায়ী আবহাওয়া অনুকূল না থাকায় খেলা শুরু হতে কিছুটা দেরি হচ্ছে। উল্লেখ্য- বর্তমানে রাজস্থান রয়্যাল্স পয়েন্ট তালিকায় তৃতীয় স্থানে এবং মুম্বাই ইন্ডিয়ান্স ষষ্ঠ স্থানে রয়েছে ।

------------------------------------------------------------------------------------